**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্ত সুরক্ষা নিশ্চিত করতে বিএসএফ খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ।**

**(২) আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যে এখন পর্যন্ত ১৫ লক্ষ ৭২ হাজার ৯৫ জন সুবিধাভোগী চিকিৎসা পরিষেবা পাবার জন্য নাম নথিভুক্ত করেছেন ।**

**(৩) নয়া দিল্লিতে জাতীয় সম্মেলনে আদর্শ মহিলা-বান্ধব গ্রাম পঞ্চায়েত কর্মসূচির সূচনা।**

**(৪) মেয়েদের জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা গ্রুপের প্রথম ম্যাচে জয়লাভ করেছে ।**

**************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্ত সুরক্ষা নিশ্চিত করতে বিএসএফ খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আজ পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর মহকুমার বিভিন্ন সীমান্তবর্তী কয়েকটি বি.ও.পি পরিদর্শনকালে তিনি একথা বলেন। রাজ্যপাল সীমান্তবর্তী এলাকায় কেন্দ্রীয় প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজও পরিদর্শন করেন।

সফরকালে রাজাপাল প্রথমে তারানগর বিএসএফ ক্যাম্প পরিদর্শন করেন। সেখানে তিনি জওয়ানদের থাকা খাওয়ার ব্যবস্থা, পানীয় জল, সিগন্যাল সেন্টার, অস্ত্রাগার পরিদর্শন করেন। তিনি বিজয়নগর সীমান্তবর্তী এলাকায় কৃষি কাজে ব্যবহৃত জলসেচ প্রকল্পটি পরিদর্শন করেন। তাছাড়া রাজ্যপাল শ্রী নাল্লু ঈশানপুর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে স্ব-সহায়ক দলের মহিলা,

ব্রহ্মকুণ্ড পঞ্চায়েতের জনগণ ও ভাগলপুর গ্রাম পঞ্চায়েতের জনগণের সঙ্গে পিএম কিষান, প্রধানমন্ত্রী গ্রামসড়ক যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, উজ্জ্বলা যোজনা, হর ঘর বিজলী, জল জীবন মিশন, মহিলা স্ব-শক্তিকরণ বিষয়ে আলোচনা করেন। তাছাড়া সীমান্ত এলাকায় শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা সহ নানা সুযোগ সুবিধার বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় তিনি কৃষিবিজ্ঞান কেন্দ্রে কৃষিকাজ, প্রাণী পালন পদ্ধতি বিষয়ে শিক্ষা গ্রহণ করে স্বাবলম্বনের পথে এগিয়ে যাওয়ার জন্য যুবক-যুবতীদের আহ্বান জানান।

পরিদর্শনকালে রাজ্যপালের সঙ্গে ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার, বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি একে শর্মা, বিএসএফ ১০৪ নম্বর ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট এন এস জামাল, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ।

****************************

**PMJAY :**

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যে এখন পর্যন্ত ১৫ লক্ষ ৭২ হাজার ৯৫ জন সুবিধাভোগী চিকিৎসা পরিষেবা পাবার জন্য নাম নথিভুক্ত করেছেন। তার মধ্যে ৪ লক্ষ ৮ হাজার ৭৮৮ জন সুবিধাভোগী চিকিৎসা পরিষেবা পেয়ে উপকৃত হয়েছেন। এতে খরচ হয়েছে ২২২ কোটি ৪২ লক্ষ টাকা। তাছাড়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত রাজ্যে ৪ লক্ষ ৯৪ হাজার ৩৪ জন সুবিধাভোগীর নাম নথিভুক্ত হয়েছে। তারমধ্যে চিকিৎসা পরিষেবার গ্রহণ করেছেন ২৮ হাজার ৮৭৯ জন। এর জন্য ব্যয় হয়েছে ১৩ কোটি ১৮ লক্ষ টাকা। রাজ্যে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার মুখ্য কার্যনির্বাহী আধিকারী ডক্টর শুভেন্দু দেববর্মা আজ আকাশবাণীর প্রতিনিধিকে এসংবাদ জানিয়েছেন।

*******************************

**PM- Post Budget Webinar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে সরকার বিনিয়োগের ক্ষেত্রে পরিকাঠামো এবং শিল্পকে যতটা অগ্রাধিকার দিয়েছে ততটাই জনশক্তি, অর্থনীতি এবং উদ্ভাবনকেও অগ্রাধিকার দিয়েছেন। আজ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে কর্মসংস্থান বিষয়ক ওয়েবিনারে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন জনগণের মধ্যে বিনিয়োগের দৃষ্টিভঙ্গি তিনটি স্তম্ভের উপর দাঁড়িয়ে আছে এগুলি হলো শিক্ষা দক্ষতা এবং স্বাস্থ্য সেবা। তিনি বলেন মানুষ দেখতে পাচ্ছেন যে ভারতের শিক্ষা ব্যবস্থা বর্তমানে বিশাল রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে।

########Byte-PM#######

****************************

**IGNOU Convocation :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববদ্যালয় ইগনোর ৩৮তম সমাবর্তনে শিক্ষান্তে শিক্ষার্থীদের ডিগ্রি ও ডিপ্লোমা সার্টিফিকেট প্রদান করা হয়। আজ সকালে ইগনো আগরতলার সমাবর্তন অনুষ্ঠানটি হয় আগরতলা টাউনহলে। সমাবর্তন অনুষ্ঠানে দিক্ষান্ত ভাষনে আগরতলার কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের অধিকর্তা অধ্যাপক প্রভাত কুমার মহাপাত্র, ইগনু আগরতলার কর্মকান্ড ও এর প্রচার প্রসারে গভীর সন্তোষ প্রকাশ করেন। তিনি কেন্দ্রীয় শিক্ষা নীতির প্রসংশা করে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত, শিক্ষা সংস্কৃতিতে বিশ্বগুরুর মর্যাদা পেতে চলছে।

ইগনোর আগরতলা কেন্দ্রের আঞ্চলিক অধিকর্তা ডঃ বিশ্বজিৎ ভৌমিক জানান, আগরতলা টাউনহলে আজ ২৯৪ জন ছাত্রছাত্রীকে বিভিন্ন শিক্ষাক্রমে ডিগ্রি ডিপ্লোমা প্রদান করা হয়।

****************************

**Mukhamantri Samepeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৩৮তম পর্বে আজ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে সাহায্য প্রত্যাশী জনগণ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে অনুষ্ঠিত এই কর্মসূচিতে জনগণ

সরাসরি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে তাদের অভাব, অভিযোগ ও সমস্যা সম্পর্কে মুখ্যমন্ত্রীকে অবগত করেন। চিকিৎসা, সামাজিক ভাতা, কর্মসংস্থান, জমি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রী সমস্যা পীড়িতদের তাৎক্ষণিক সহায়তার পাশাপাশি প্রত্যেকের সমস্যা সমাধানের জন্য উপস্থিত সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার নির্দেশ দেন।

**************************

**BJP-Press Meet :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা রাজ্য সরকারের দুই বছর পূর্তি উপলক্ষ্যে আগামী ৯ই মার্চ স্বামী বিবেকানন্দ ময়দানে প্রদেশ বিজেপি আয়োজিত সমাবেশে উপস্থিত থাকবেন। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য একথা জানান।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Panchayati Raj :**

কেন্দ্রীয় পঞ্চায়েতি রাজ প্রতিমন্ত্রী অধ্যাপক এসপি সিং বাঘেল এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল আজ নয়া দিল্লিতে এক জাতীয় সম্মেলনে আদর্শ মহিলা-বান্ধব গ্রাম পঞ্চায়েত কর্মসূচি সূচনা করেন। এই উদ্যোগটি মন্ত্রণালয়ের আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদযাপনের একটি অঙ্গ। এই উদ্যোগের প্রাথমিক লক্ষ্য হলো প্রতিটি জেলায় আদর্শ মহিলা-বান্ধব গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠা করা। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেন, এখন নারী নেতৃত্বাধীন উন্নয়ন সরকারের মূল লক্ষ্য যা ২০৪৭ সালের মধ্যে ভারতকে এক উন্নত জাতিতে পরিণত করবে।

গ্রামীণ ক্ষেত্রকে আরও উন্নত করে তুলে বিকশিত পঞ্চায়েতের মাধ্যমে বিকশিত ভারতের স্বপ্ন পূরণ এখানে অন্যতম লক্ষ্য। এই অনুষ্ঠানে আদর্শ মহিলা-বান্ধব গ্রাম পঞ্চায়েত কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য চিহ্নিত পঞ্চায়েতগুলির নির্বাচিত প্রতিনিধিদের প্রশিক্ষণ কর্মসূচির ভার্চুয়াল উদ্বোধন করা হয়।

**************************

**Minister Tinku Roy :**

৫৪তম জাতীয় সুরক্ষা সপ্তাহ পালন উপলক্ষ্যে আজ কৈলাশহরের মনুভ্যালিতে এক সচেতনতামূলক অনুষ্ঠান হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন, শ্রমমন্ত্রী টিংকু রায়। রাজ্য সরকারের কারখানা ও বয়লার্স সংস্থা এই অনুষ্ঠানের আয়োজন করে। উল্লেখ্য যে, এবছর সুরক্ষা সপ্তাহের ভাবনা হচ্ছে নিরাপত্তা ও সুস্থতা বিকশিত ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে মন্ত্রী টিংকু রায় বলেন, কারখানা ও শিল্পক্ষেত্রে দুর্ঘটনা রোধে রাজ্য সরকার সুরক্ষা ব্যবস্থার উপর বিশেষ গুরুত্ব দিচ্ছেন। তিনি চা শ্রমিকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন।

#######Byte-Tinku Roy######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কারখানা ও বয়লার্স সংস্থার মুখ্য পরিদর্শক সূর্য পাল মজুমদার, জেলা পরিদর্শক নিতাই সেন, জেলা শ্রম আধিকারিক রতন রায় প্রমুখ। আজকের অনুষ্ঠানে সুরক্ষার শপথবাক্য পাঠ করা হয়।

*****************************

**Deputation :**

গৌরনগর পঞ্চায়েত সমিতির এক প্রতিনিধিদল গতকাল কৈলাশহরের সার্কিট হাউসে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার কাছে সাত দফা দাবি সম্বলিত স্মারকলিপি পেশ করেন। উল্লেখযোগ্য দাবিগুলোর মধ্যে রয়েছে কৈলাশহরের পুরাতন ডাকবাংলো থেকে রাঙ্গাউটি পর্যন্ত রাস্তা প্রশস্ত করা, বন্যা নিরোধক বাঁধের কাজ শুরু করা ও মনুনদীর ভাঙ্গন রোধে দ্রুত ব্যবস্থা নেওয়া। উপস্থিত ছিলেন গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান, সমিতির সদস্যদ্বয় দীপকুমার সিনহা ও নুমান উদ্দিন প্রমুখ।

*************************

**Press Meet- Vedic Brahmin Society :**

"বৈদিক ব্রাহ্মন সমাজ" এর প্রথম কৈলাশহর মহা-সম্মেলন আগামী আট মার্চ অনুষ্ঠিত হবে। আজ বিকালে কৈলাশহরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান সংগঠনের পদাধিকারী বাসব ভট্টাচার্য। তাঁরা জানান ঐদিন কৈলাশহরে পৌরহিত্য কর্ম প্রশিক্ষণ কেন্দ্রেরও উদ্বোধন করা হবে।

****************************

**MP Meeting :**

সাংসদ কৃতি দেবী দেববর্মার পৌরহিত্যে আজ খোয়াই জেলা শাসকের কার্যালয়ে দিশা কর্মসূচির পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, দুই মহকুমার মহকুমা ম্যাজিস্ট্রেট। এই পর্যালোচনা বৈঠকে সরকারি প্রকল্পের বাস্তবায়ন নিয়ে প্রত্যেকটি দপ্তরের সঙ্গে মতবিনিময় করেন সাংসদ।

*************************

**TBJEE :**

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার অনলাইন ফর্ম জমা দেওয়ার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ৯ই মার্চ পর্যন্ত আবেদন করা যাবে। ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান শুভদীপ পাল আজ এখবর জানিয়েছেন।

****************************

**Under-23 Cricket :**

মেয়েদের জাতীয় অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা গ্রুপের প্রথম ম্যাচে জয়লাভ করেছে। নাগপুরে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ২১ রানে বিহারকে পরাজিত করে।

***************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতায় সি আই এস এফ পুরুষ বিভাগের ফাইনালে উঠেছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত সেমি-ফাইনালে সি আই এস এফ ১-০ গোলে সি আর পি এফ দলকে হারিয়ে দেয়। আগামীকাল উভয় বিভাগের ফাইনাল খেলা হবে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

*******************************